নির্বাহী প্রকৌশলীর দপ্তর
বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র
বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
পানি ভবন, লেভেল: ২, ব্লক: জি, ৭২ গ্রীন রোড, ঢাকা-১২১৫
ফোন: ৮৮-০২-২২২২-৩০০৭০ ফ্যাক্স: ৮৮-০২-৯৫৫৭৩৮৬
ই-মেইল: ffwcbwdb@gmail.com ; ffwc05@yahoo.com
ওয়েবসাইট: www.ffwc.gov.bd


Office of The Executive Engineer
Flood Forecasting and Warning Centre
Bangladesh Water Development Board
Pani Bhaban (Level: 2, Block: G), 72 Green Road, Dhaka 1215
Phone : 88-02-2222-30070; Fax: 88-02-9557386
E-mail: ffwcbwdb@gmail.com ; ffwc05@yahoo.com
Website: www.ffwc.gov.bd

**বঙ্গোপসাগরে ঘূর্ণিঝড় "জাওয়াদ" সম্পর্কিত বিজ্ঞপ্তি (০৪ ডিসেম্বর, ২০২১)**

বাংলাদেশ আবহওয়া অধিদপ্তর ও ভারত আবহওয়া দপ্তরের সর্বশেষ তথ্যমতে, পশ্চিম-মধ্য বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন এলাকায় অবস্থানরত গভীর নিম্নচাপটি আরও ঘনীভূত হয়ে ঘূর্ণিঝড় "জাওয়াদ" এ পরিণত হয়। এটি আজ সকাল ০৬ টায় চট্টগ্রাম সমুদ্র বন্দর থেকে আনুমানিক ১০৩০ কিঃমিঃ দক্ষিণ-পশ্চিমে, কক্সবাজার সমুদ্র বন্দর থেকে আনুমানিক ৯৯৫ কিঃমিঃ দক্ষিণ-পশ্চিমে, মংলা সমুদ্র বন্দর থেকে আনুমানিক ৮৮৫ কিঃমিঃ দক্ষিণ-দক্ষিণ-পশ্চিমে এবং পায়রা সমুদ্র বন্দর থেকে আনুমানিক ৮৯৫ কিঃমিঃ দক্ষিণ-দক্ষিণ-পশ্চিমে বঙ্গোপসাগরে অবস্থান করছে। ঘূর্ণিঝড়টি আরো উত্তর-উত্তর-পূর্ব দিকে অগ্রসর হয়ে কিছুটা দূর্বল হয়ে গভীর নিম্নচাপ আকারে আগামী ৫ ডিসেম্বর দুপুর নাগাদ ভারতের উড়িশ্যা উপকূলে পৌঁছতে পারে এবং পরবর্তীতে আরো দূর্বল হয়ে উত্তর-উত্তর-পূর্ব দিকে অগ্রসর হয়ে ভারতের উড়িশ্যা ও পশ্চিম-বঙ্গ উপকূল বরাবর অতিক্রম করতে পারে।

গভীর নিম্নচাপ কেন্দ্রের ৫৪ কিঃমিঃ এর মধ্যে বাতাসের একটানা সর্বোচ্চ গতিবেগ ঘণ্টায় ৬২ কিঃমিঃ যা দমকা অথবা ঝড়ো হাওয়া আকারে ৮৮ কিঃমিঃ পর্যন্ত বৃদ্ধি পাচ্ছে। ঘূর্ণিঝড় কেন্দ্রের নিকট সাগর খুবই উত্তাল রয়েছে।

ঘূর্ণিঝড়ের প্রভাবে খুলনা, বরিশাল ও চট্টগ্রাম বিভাগের দু-এক জায়গায় অস্থায়ী দমকা হাওয়াসহ বৃষ্টি বা বজ্রসহ বৃষ্টি হতে পারে।




চিত্র-১: ভারত আবহওয়া দপ্তরে হতে প্রাপ্ত, উপগ্রহ চিত্র (০৪/১২/২০২১)

(মোঃ আরিফুজ্জামান ভূঁইয়া)
নির্বাহী প্রকৌশলী
বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র
বাপাউবো, ঢাকা